



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ ডিসেম্বর' ২০২৩ খ্রি.

৫০০ শীতার্তকে কম্বল দিল রেড ক্রিসেন্ট

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির সহযোগিতায় পাঁচ শতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র ও চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম।

শনিবার নগরীর একটি কমিউনিটি সেন্টারে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, শীতার্ত মানুষের পাশে দাঢ়িয়ে রেড ক্রিসেন্ট একটি অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। যে কোন প্রাকৃতিক দুর্ঘট্য থেকে শুরু করে মানবিক সংকট-সবসময় রেড ক্রিসেন্ট মানুষের পাশে সাহসের সাথে লড়াই করেছে। রেড ক্রিসেন্টের কার্যক্রম সমাজের সামর্থ্যবান শ্রেণিকে উৎসাহ যোগায় মানবসেবার। চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারী আবদুল জব্বারের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের ভাইস চেয়ারম্যান আলমগীর পারভেজ। এসময় আরও উপস্থিতি ছিলেন কাউন্সিলর আশরাফুল আলম, এসরাফুল হক, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য মোশারফুল হক চৌধুরী পাভেল, ইউনিট লেভেল অফিসার আব্দুর রহিম আকন ও চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের যুব প্রধান আ.ন.ম. তামজীদ সহ যুব সদস্যবৃন্দ।

নেতৃত্ব শিক্ষা গড়ে শিশুর উজ্জ্বল ভবিষ্যৎ: মেয়র রেজাউল

শিশুশিক্ষার ক্ষেত্রে নেতৃত্ব পরিচয় শিশুদের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে দেয় বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম। শনিবার রহমতগঞ্জে আন-নুর ইন্টারন্যাশনাল স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এ মন্তব্য করেন। স্কুলের চেয়ারম্যান সাইফুদ্দিন চৌধুরী দুলালের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিতি ছিলেন কাউন্সিলর শৈবাল দাস সুমন, সার্ক মানবাধিকার ফাউন্ডেশনের কেন্দ্রীয় পরিচালক মইনুল ইসলাম মারফত পাটোয়ারি, চট্টগ্রাম প্রেসক্লাবের সাবেক সভাপতি কলিম সরোয়ার, এডিশনাল চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট জাহেদ আহমদ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮